প্রেস বিজ্ঞপ্তি

ঢাকা, ২৪ অক্টোবর ২০২১



আজ বিকাল ০৩.০০ ঘটিকায় শেরে বাংলা নগরস্থ অর্থনৈতিক সম্পর্ক বিভাগের এনইসি ভবনের সম্মেলন কক্ষে কোরিয়া এবং বাংলাদেশ সরকারের মধ্যে ২০২১-২০২৫ মেয়াদে ৭০০.০০ মিলিয়ন মার্কিন ডলারের নমনীয় ঋণ সহায়তা সম্বলিত একটি ফ্রেমওয়ার্ক অ্যারেঞ্জমেন্ট (Framework Arrangement) স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব মিজ ফাতিমা ইয়াসমিন এবং কোরিয়া সরকারের পক্ষে ঢাকায় নিযুক্ত কোরিয়ার রাষ্ট্রদূত জনাব লি জ্যাং-কেউন চুক্তিটি স্বাক্ষর করেন। স্বাক্ষর অনুষ্ঠানে কোরিয়া দূতাবাস, কোরিয়া এক্সিম ব্যাংক এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগের কর্মকর্তাবন্দ উপস্থিত ছিলেন।

কোরিয়া সরকার তাদের উন্নয়ন সহযোগী সংস্থা কোরিয়া এক্সিম ব্যাংকের মাধ্যমে ১৯৯৭ সাল থেকে বাংলাদেশের আর্থ-সামাজিক ও অবকাঠামোগত উন্নয়ন এবং তথ্য প্রযুক্তির প্রসারে নমনীয় ঋণসহায়তা প্রদান করে আসছে। ইতোমধ্যে কোরিয়া সরকারের সহায়তায় ৪৬৯.৭৭ মিঃ মাঃ ডলারে মোট ১৫টি প্রকল্প সমাপ্ত হয়েছে। এছাড়া ৬৬৬.২৮ মিলিয়ন মার্কিন ডলারের ৮টি প্রকল্প বর্তমানে চলমান রয়েছে। কোরিয়া সরকার এ পর্যন্ত বাংলাদেশকে প্রায় ১৩৩০.৪৮ মিলিয়ন মার্কিন ডলার নমনীয় ঋণ মঞ্জুর করেছে, যা তার উন্নয়ন অংশীদার দেশসমুহের মধ্যে ২য় সর্বোচ্চ।

স্বাক্ষরিত ফ্রেমওয়ার্ক অ্যারেঞ্জমেন্ট-এর আওতায় আগামী ৫ বছরে বিভিন্ন উন্নয়ন প্রকল্পে কোরিয়া সরকারের এ নমনীয় ঋণ সহায়তা ব্যবহার করা হবে। এর মধ্যে বর্তমান অর্থবছরে অর্থ বিভাগের অধীনে "Sustainable Economic Recovery Program (Subprogram 1)"-এ ১০০.০০ মি: মা: ডলার (বাজেট সাপোর্ট), সড়ক

পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনে বিআরটিসি কর্তৃক বাস্তবায়িতব্য "Procurement of CNG Single Decker AC Buses for BRTC" শীর্ষক প্রকল্লে ৫১.০০ মিলিয়ন মার্কিন ডলার এবং স্থানীয় সরকার বিভাগের অধীনে ঢাকা ওয়াসা কর্তৃক বাস্তবায়িতব্য "Establishment of a Modern International Training Institute for Dhaka WASA" শীর্ষক প্রকল্লে ২৫.০০ মি: মা: ডলার ঋণ সহায়তা সংক্রান্ত চুক্তিপুলো স্বাক্ষরিত হতে পারে। এছাড়া "Construction of Railway-cum-Road Bridges across the River Karnaphuli at Kalurghat, Chittagong" এবং "Establishment of a Multi-disciplinary and Super Specialized Hospital at BSMMU (2nd Phase)" শীর্ষক প্রকল্লের মত জন গুরুত্বপূর্ণ প্রকল্লসমূহ বাস্তবায়নের লক্ষ্যে পর্যায়ক্রমে এ Framework Arrangement-এর আওতায় ঋণ চুক্তি স্বাক্ষরিত হতে পারে।



এ ফ্রেমওয়ার্ক অ্যারেঞ্জমেন্ট-এর আওতায় যে সকল ঋণ চুক্তি স্বাক্ষরিত হবে তার প্রতিটির বাৎসরিক সুদের হার হবে মাত্র ০.০১% থেকে ০.০৫%। ঋণ পরিশোধের সময় হিসাবে পাওয়া যাবে ৪০ বছর এবং গ্রেস পিরিয়ড হিসাবে পাওয়া যাবে ১৫ বছর।

Press Release

Dhaka, 24 October 2021



A "Framework Arrangement" has been signed between the Government of the People's Republic of Bangladesh and the Government of the Republic of Korea to provide soft loan of US\$ 700.00 million for the period 2021-2025. The amount will be used as project assistance for various development projects in Bangladesh.

Ms. Fatima Yasmin, Secretary, Economic Relations Division and Mr. LEE Jang-keun, Ambassador, Republic of Korea in Bangladesh signed the Framework Arrangement on behalf of their respective governments. Officials from the Korean Embassy in Dhaka, the KExim Bank and the Economic Relations Division were present at the occasion.

The Korean Government has been providing soft loan through the Economic Development Cooperation Fund (EDCF) for the development of socio-economic, infrastructure and ICT sectors in Bangladesh since 1997. Fifteen projects of US\$ 469.77 million has been completed with assistance from the EDCF and another eight projects of US\$ 666.28 are currently ongoing. As at the end of FY 2020-21, total commitment from the EDCF has been US\$ 1330.48 million. This is the second largest amount committed by the Korean Government for its development partners.

Under this Framework Arrangement, the Korean Government will provide financial assistance to implement several projects in the next five years. Loan agreements of US\$ 100.00 million for

"Sustainable Economic Recovery Program (Subprogram1)" under Finance Division, US\$ 51.00 million for "Procurement of CNG Single Decker AC Buses for BRTC" project under the Road Transport and Highways Division and US\$ 25.00 million for "Establishment of a Modern International Training Institute for Dhaka WASA" project under the Local Government Divisionare are expected to be signed within this year. In addition, important projects like "Construction of Railway-cum-Road Bridges across the River Karnaphli at the Kalurghat, Chittagong" and "Establishment of a Multi-disciplinary and Super Specialized Hospital at BSMMU (2nd Phase)" are also expected to be implemented under this Framework Arrangement.



The loan agreements to be signed under this Framework Arrangement will bear interest rate of 0.01% to 0.05% with 40 years repayment period and 15 years grace period.